আকর্ষণীয় গিফ্‌ট কার্ড তৈরিতে

কামরুল আহসান

# iPhoto Express 1.1

সময়ের সাথে পাল্লা দিয়ে কাজ করতে গিয়ে আমরা মাঝে মধ্যে এমন সব গুরুত্বপূর্ণ কাজের কথা ভুলে যাই যা সত্যিকার অর্থে নিতান্তই ব্যক্তিগত হলেও এড়িয়ে যাওয়া যায় না। যেমন ভবিষ্যত জীবন সঙ্গিনীকে Valentines Day-তে অবাক করার মতো কোন কার্ড উপহার দেয়া। বিষয়টি অত্যন্ত ঝামেলার বিষয় হলেও iPhoto Express 1.1 সফটওয়্যারের ব্যবহার সেক্ষেত্রে এনে দিতে পারে স্বস্তিবোধ। এই সফটওয়্যার কমপিউটারে ইনস্টল করা থাকলে শত ব্যস্ততার মধ্যেও খুব অল্প সময়ে আপনি এরূপ কার্ড তৈরি করতে পারবেন। এছাড়াও আইফটো এক্সপ্রেসের সাহায্যে ইনভাইটেশন কার্ড, বিজনেস কার্ড, ফটো ফ্রেম, স্পেশাল অকেশন, ক্যালেন্ডার, নেমকার্ড, পোস্টার ইত্যাদি দ্রুত তৈরি করা যায়। কিভাবে আইফটো এক্সপ্রেসের সাহায্যে আকর্ষণীয় ভ্যালেনটাইনস্ ডে কার্ড তৈরি করা যায় সে সম্পর্কে নিচে আলোচনা করা হলো।

কমপিউটার অন করে Start→Program→iPhoto Express নির্দেশ দিয়ে আইফটো এক্সপ্রেসে প্রবেশ করে Quick Card-এ ক্লিক করুন। এখানে Greeting Card, Invitation Card, Bussiness Card, Photo Frame, Special Occation ইত্যাদি দেখা যাবে। এর মধ্যে গ্রিটিং কার্ডে ক্লিক করলে আইফটো এক্সপ্রেস Explorer Open হবে। আইফটো এক্সপ্রেসের Template-এর অধীনে গ্রিটিং কার্ডের বিভিন্ন আকর্ষণীয় টেমপ্লেট ফাইল প্রদর্শিত হবে। আপনার পছন্দ মত যেকোন কার্ড ডিজাইন পছন্দ করে সেটিতে ক্লিক করুন। কার্ড ডিজাইনটি স্ক্রীণে চলে আসবে।

এই কার্ডটির দুটি অংশ থাকে। একটি হলো ছবি এবং অন্যটি ডিজাইন। ধরুন কার্ডে যে ছবিটি আছে তার স্থলে আপনার কোন প্রিয়জনের ছবি স্থানান্তর করতে চান। তাহলে ছবিটির মাঝে ক্লিক করে সিলেক্ট করুন, ছবির ভিতরে একটি বাটন আসবে, এরপর বাটনে ক্লিক করুন এবং Open from file এ ক্লিক করুন। এবার আইফটো এক্সপ্রেস এক্সপ্লোরার ওপেন হবে। এখানে আইফটো এক্সপ্রেসের Sample-এর অধীনে বিভিন্ন JPEG ফাইল প্রদর্শিত হবে। আপনি ইচ্ছে করলে এখান থেকে যেকোন ছবি সিলেক্ট করে কার্ডে আনতে পারেন। অথবা আপনার প্রয়োজনীয় ছবি যে ফোল্ডারে আছে সেখান থেকেও আনতে পারেন। ছবিটি ক্লিক করলে Replace Photo ডায়ালগ বক্স আসবে। Fit by width and height সিলেক্ট করে প্রিভিউতে ক্লিক করে প্রিভিউ দেখে নিতে পারেন। এবার OK-তে ক্লিক করুন। দেখবেন ছবিটি সুন্দরভাবে ডিজাইনের সাথে সামঞ্জস্য রেখে স্থাপিত হয়েছে। ছবিটির মাঝে মাউস পয়েন্টার নিয়ে ড্রাগ করে ছবিটি চারিদিকে ইচ্ছেমত সরিয়ে সেটিং করা, বড় বা ছোট কিংবা রোটেট ইত্যাদি করার জন্য Transform-এ ক্লিক করুন। এতে Attribute Toolbar আসবে। এখান থেকে ছবিটির সেটিং পরিবর্তন করতে পারেন। কার্ডে ছবিটি ঠিক মত সেটিং হবার পর এর ডিজাইনে ক্লিক করুন। একইভাবে ভিতরের বাটনে ক্লিক করে ছবির মত ডিজাইনও ইচ্ছেমত বদলাতে পারেন। এবার Paint-এ ক্লিক করে Painting and retouching বিভিন্ন টুলস ব্যবহার করে কার্ড ডিজাইনের সৌন্দর্য বৃদ্ধি করা যাবে। পেইন্টের পাশের Effects-এ ক্লিক করে Effect Palette থেকে ছবি বা ডিজাইনের জন্য এফেক্ট বেছে নিতে পারেন। প্রতিটি কার্ডে কিছু টেক্সট থাকে যেমন, Happy Valentine's Day, Happy Birthday এবং Date, Name ইত্যাদি এই টেক্সটগুলো আপনার ইচ্ছেমত লেখার জন্য ডিজাইনের ভিতরের টেক্সটে ক্লিক করুন। এবার T বাটনে ক্লিক করলে Text Attribute ডায়লগ বক্স আসবে। এখান থেকে ইচ্ছেমত পরিবর্তন করে প্রিভিউতে ক্লিক করে প্রিভিউ দেখে নিতে পারেন। OKতে ক্লিক করে বেরিয়ে আসুন। এরপর More বাটনে ক্লিক করে Fill, Add Frames and Shadow এবং Turnpage-এর বিভিন্ন Type, Corner, Mode, Angle, Background color, Lighting direction ব্যবহার করে কার্ডের সৌন্দর্য বৃদ্ধি করা যায়। Side Bar-এর Adjust এ ক্লিক করে Straighten, Rotate, Crop, Focus, Lighting, Color, Red eye, Resize ইত্যাদি টুল ব্যবহার করা যায়। এরপর কার্ডটি সেভ করুন। এটি BMP ফাইল হিসেবে সেভ হবে। এভাবে আইফটো এক্সপ্রেসের মাধ্যমে আপনি শুধু বিভিন্ন কার্ড নয় ক্যালেন্ডার, পোস্টার কিংবা ফটোফ্রেমও তৈরি করতে পারেন আকর্ষণীয় ও দ্রুততার সাথে।

কার্ড, পোস্টার, ক্যালেন্ডার ও ফটো ফ্রেম তৈরি করা ছাড়াও আইফটো এক্সপ্রেসের সাহায্যে আমরা আরো কিছু আকর্ষণীয় কাজ করতে পারি। যেমন আপনার তৈরি করা কার্ডটি যদি ওয়ালপেপারে রাখতে চান তবে সাইড বারের Finish এ ক্লিক করুন। এখানে Screen Art টুলবার আসবে। স্ক্রীণ আর্টে ক্লিক করে ওয়ালপেপারে ক্লিক করলে ওয়ালপেপার ডায়লগ বক্স আসবে। এখান থেকে ইচ্ছেমত সেটিং করে ওকেতে ক্লীক করলে কার্ডটি ডেস্কটপে ওয়ালপেপার হিসেবে দেখা যাবে। আপনার তৈরি করা বিভিন্ন কার্ড, পোস্টার বা ক্যালেন্ডার নিয়ে আপনি স্লাইড শো করতে পারেন। এজন্য স্ক্রীণ আর্টের Slide Show তে ক্লিক করুন। Add file ডায়লগ বক্স আসবে। যে ফাইলগুলো নিয়ে স্লাইড শো করতে চান সেগুলো সিলেক্ট করে ওপেন-এ ক্লিক করুন। স্লাইড শো ডায়লগ বক্স আসবে। এখান থেকে ইচ্ছেমত সেটিং করে স্লাইড শো প্লে করতে পারেন। আইফটো এক্সপ্রেস আপনার কমপিউটারে ইনস্টল করার সময় Uteed আইফটো এক্সপ্রেস নামে একটি স্ক্রীণ সেভার ফাইল সেভ হয়। এই স্ক্রীণ সেভারে আপনার তৈরি করা কার্ড, পোস্টার বা ক্যালেন্ডার যুক্ত করা যায়। এ জন্য স্ক্রীণ আর্টে ক্লিক করে স্ক্রীণ সেভারে ক্লিক করুন। Add file ডায়লগ বক্স আসবে। যে ফাইলগুলো স্ক্রীণ সেভারে রাখতে চান সেগুলো সিলেক্ট করে ওপেনে ক্লিক করুন। স্ক্রীণ সেভার ডায়লগ বক্স আসবে। এখান থেকে ইচ্ছেমত সেটিং করে স্ক্রীণ সেভার প্লে করতে পারেন। এভাবে আইফটো এক্সপ্রেসের সাহায্যে আকর্ষণীয় রিপ্রেজেন্টেশন তৈরি করা যায়। ●


ExeCON Pc

Check for Fair Price

IBM / Cyrix M II 300 CPU
Pentium TX Pro Mainboard
32Mb Ram 4Mb Display
1.44Mb FDD 4.3Gb HDD
Win95 keyboard & mouse
14" SVGA color monitor
Minitower case

Intel PentiumMMX 233MHz
Pentium MMX Mainboard
32Mb Ram 4Mb AGP card
1.44Mb FDD 4.3Gb HDD
Win95 keyboard & mouse
14" SVGA color monitor
Minitower case

AMD K 6 II MMX 350 CPU
Pentium MMX Mainboard
32Mb Ram 4Mb AGP card
1.44Mb FDD 6.4Gb HDD
Win95 keyboard & mouse
14" SVGA color monitor
Minitower case

Intel PentiumII MMX400MHz
Intel Pentium BX440 Mainboard
64Mb Ram 8Mb AGP card
1.44Mb FDD 8.4Gb HDD
Win95 keyboard & mouse
14" SVGA color monitor
ATX case

Intel Pentium3 MMX450MHz
Intel Pentium BX440 Mainboard
64Mb Ram 8Mb AGP card
1.44Mb FDD 8.4Gb HDD
Win95 keyboard & mouse
15" SVGA color monitor
ATX case

PRINTER UPS MULTIMEDIA STABILIZER FAX / MODEM INTERNET PC UPGRADE TV TUNERS AND ACCESSORIES REPAIRING & SERVICING

ExecutiveConnection
315 Bara Moghbazar Road Dhaka
TeL 9334533, 837651 & 404912
Fax 9338234 execon@citecho.net